ইনজুরিতে কৌতিনহো, বার্সা শিবিরে হতাশা

বার্সেলোনার ব্রাজিলিয়ান মিডফিল্ডার ফিলিপ্পে কৌতিনহো বাঁ- পায়ের হ্যামস্ট্রিং ইনজুরিতে পড়েছেন। যার কারণে মঙ্গলবার (২৯ অক্টোবর) দিবাগত রাতে চ্যাম্পিয়নস লিগে জুভেন্টাসের বিপক্ষে মাঠের বাইরে থাকতে হবে ২৮ বছর বয়সী তারকাকে।

বার্সা জানিয়েছে, ইনজুরি কেমন অনুভূত হচ্ছে তার ওপরে নির্ভর করছে কৌতিনহোর মাঠে ফেরা।

শনিবার লা লিগায় রিয়াল মাদ্রিদের বিপক্ষে পুরো ৯০ মিনিট মাঠে ছিলেন কৌতিনহো। তবে মৌসুমের প্রথম এল ক্লাসিকোতে ৩-১ ব্যবধানে হেরেছে কাতালানরা।

করোনায় আক্রান্ত রোনালদিনহো

মহামারী করোনাভাইরাস সংক্রমণের দিক থেকে শীর্ষ তিন দেশের মধ্যে তৃতীয় অবস্থানে আছে লাতিন আমেরিকার দেশ ব্রাজিল।

করোনার বিস্ফোরণে দেশটি মৃত্যুপুরীতে পরিণত হয়েছে। দেশটির সবচেয়ে জনপ্রিয় খেলা ফুটবল অঙ্গনেও হানা দিয়েছে করোনা।

এবার প্রাণঘাতী করোনা থেকে রেহাই পেলেন না ব্রাজিলের কিংবদন্তি ফুটবলার রোনালদিনহো গাউচো।

পর্তুগিজ যুবরাজ ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পর করোনার থাবায় সবশেষ আক্রান্ত হলেন স্প্যানিশ ক্লাব বার্সেলোনার সাবেক এ ফরোয়ার্ড।

সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে রোববার রোনালদিনহো নিজের করোনায় আক্রান্তের খবর নিজেই জানিয়েছেন।

বর্তমানে তিনি ব্রাজিলের বেলো হরিজোন্তেতে নিজেকে সেলফ আইসোলেশনে রেখে চিকিৎসা চালিয়ে যাচ্ছেন বলে জানান তিনি।

এক ভিডিওবার্তায় রোনালদিনহো বলেছেন, ‘আমি শনিবার থেকে বেলো হরিজন্তে রয়েছি। এখানে একটি অনুষ্ঠানে অংশ নিতে এসেছি। আমার মধ্যে করোনার কোনো উপসর্গ ছিল না। কিন্তু আমার করোনা টেস্টে ফল পজিটিভ এসেছে।’

বর্তমানে তার অবস্থা স্থিতিশীল রয়েছে জানিয়ে ভক্তদের দুশ্চিন্তা করতে না করেন রোনালদিনহো।

রোনালদিনহো বলেন, ‘আমি বেশ ভালো আছি। কোনো উপসর্গ নেই। কিন্তু যে অনুষ্ঠানের জন্য এসেছিলাম তা এখন আর হচ্ছে না। তবে শিগগিরই আমরা এক হব। সবার জন্য ভালোবাসা।’

আন্তর্জাতিক জরিপ সংস্থা ওয়ার্ল্ডওমিটারসে দেয়া সর্বশেষ তথ্যানুযায়ী, এখনও পর্যন্ত ব্রাজিলে করোনা রোগীর সংখ্যা ৫৩ লাখ ৯৪ হাজার ১২৪ জন। মরামারীতে সেখানে এ পর্যন্ত মারা গেছে ১ লাখ ৫৭ হাজার ১৬৩ জন।

তথ্যসূত্র: গোল ডট কম, ইনস্টাগ্রাম

নিজেদের মধ্যে প্রতিযোগিতা উপভোগ করছেন রুবেল

বিসিবি প্রেসিডেন্টস কাপ টুর্নামেন্টের মধ্য দিয়ে দীর্ঘদিন পর প্রতিযোগিতামূলক ক্রিকেটে ফিরেছে বাংলাদেশের ক্রিকেটাররা। তাই মাঠে সবাই চেষ্টা করছেন নিজেকে উজাড় করে দিতে। তবে এই টুর্নামেন্টে দেখা গেছে পেস বোলারদের দাপট। কারণ সর্বোচ্চ উইকেট শিকারির তালিকার প্রথম পাঁচজনই পেসার।

তিন দলের পেসাররাই দারুণ সফল এই টুর্নামেন্টে। বাংলাদেশ দলের অন্যতম পেসার রুবেল হোসেন জানালেন, প্রতিযোগিতা যত বেশি হবে তত উপকৃত হবে বাংলাদেশ দল। একই সঙ্গে নিজেদের মধ্যে এই প্রতিযোগিতা

দারুণ উপভোগ করছেন বলেও জানালেন অভিজ্ঞ এই পেসার।

তিনি জানান, খুব ভালো সাইন। প্রত্যেকটা পেস বোলার প্রত্যেকটা ক্রিকেটারই অনেক কষ্ট করেছে মহামারির সময়। সেটার ফল এখন খুব ভালোভাবে পেস বোলাররা পাচ্ছে।
রুবেল বলেন, আমার কাছে মনে হয় প্রতিযোগিতা থাকলে খুব ভালো বাংলাদেশ দলের জন্য। কারণ প্রতিযোগিতা থাকলে একটা পেস বোলার যখন জাতীয় দলে খেলবে, দেখবে তার পেছনে ভালো ভালো পেস বোলার আছে। তখন তার পারফরম্যান্স বা সবকিছুই একটু ভিন্ন হবে।

তিনি আর বলেন, আমি খুব উপভোগ করি, প্রতিযোগিতা থাকলে খুব ভালো লাগে। সবার জন্য ভালো একটি টুর্নামেন্ট ছিল। এটা আন্তর্জাতিক সিরিজে ভালো করতে উৎসাহ দেবে।

পিএসজি’র জয়ের ধারা অব্যাহত

জয়রথ ধরে রেখেছে প্যারিস সেইন্ট জার্মেই। ডিজনকে ৪-০ গোলের বড় ব্যবধানে হারিয়েছে বর্তমান লিগ চ্যাম্পিয়নরা। পিএসজির হয়ে দু’টি করে গোল করেছেন এমবাপ্পে ও কিন।

ডিজনের বিরুদ্ধে ম্যাচের মাত্র ৩ মিনিটে এগিয়ে যায় পিএসজি। ব্যাকারের অ্যাসিস্টে মুইস কিন লিড আনেন লিগ চ্যাম্পিয়নদের হয়ে। এরপর ম্যাচের ২৩ মিনিটে নেইমারের বাড়ানো বলেই নিজের জোড়া গোল পূরণ করেন কিন।

প্রথমার্ধ্বে আর কোন গোলের দেখা পায়নি পিএসজি। বিরতির পর ৮২ মিনিটে নেইমারের আ্যসিস্টে এমবাপ্পে খোলেন নিজের গোলখাতা। দ্বিতীয় গোলের দেখা পেতে খুব বেশি সময় নেননি ফরাসি তারকা এমবাপ্পে। ম্যাচের ৮৮ মিনিটে সারাবিয়ার বাড়ানো বল গোল করেন এই ফরোয়ার্ড। এ জয়ে লিগের শীর্ষস্থান আরও মজবুত হলো পিএসজির।

ব্রাজিল দল ঘোষণা, ফিরলেন আলিসন

২০২২ সালের কাতার বিশ্বকাপ বাছাইপর্বে নিজেদের পরবর্তী দুই ম্যাচের জন্য শুক্রবার ২৩ সদস্যের দল ঘোষণা করেন ব্রাজিল কোচ তিতে। চোট কাটিয়ে দলে ফিরেছেন প্রথম পছন্দের গোলরক্ষক আলিসন ও স্ট্রাইকার গাব্রিয়েল জেসুস। ভেনেজুয়েলা ও উরুগুয়ের বিপক্ষে বিশ্বকাপ বাছাইয়ের দলে ডাক পেয়েছেন ভিনিসিউস জুনিয়র ও আর্থারও।

আগামী ১৪ নভেম্বর ঘরের মাঠে ভেনেজুয়েলার বিপক্ষে ও তিন দিন পর উরুগুয়ের মাঠে খেলবে পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়নরা।

ব্রাজিল দল:
গোলরক্ষক: আলিসন (লিভারপুল), ওয়েভারতন (পালমেইরাস), এদেরসন (ম্যানচেস্টার সিটি)

ডিফেন্ডার: দানিলো (জুভেন্টাস), আলেক্স তেলেস (ম্যানচেস্টার ইউনাইটেড), গাব্রিয়েল মেনিনো (পালমেইরাস), রেনান লোদি (আতলেতিকো মাদ্রিদ), এদের মিলিতাও (রিয়াল মাদ্রিদ), চিয়াগো সিলভা (চেলসি), মার্কিনিয়োস (পিএসজি), রদ্রিগো কাইয়ো (ফ্লামেঙ্গো)

মিডফিল্ডার: কাসেমিরো (রিয়াল মাদ্রিদ), ফাবিনিয়ো (লিভারপুল), দগলাস লুইস (অ্যাস্টন ভিলা), এভেরতন রিবেইরো (ফ্লামিঙ্গো), ফিলিপে কৌতিনিয়ো (বার্সেলোনা), আর্থার (জুভেন্টাস)

ফরোয়ার্ড: নেইমার (পিএসজি), এভেরতন (বেনফিকা), গাব্রিয়েল জেসুস (ম্যানচেস্টার সিটি), ভিনিসিউস জুনিয়র (রিয়াল মাদ্রিদ), রবের্তো ফিরমিনো (লিভারপুল), রিশার্লিসন (এভারটন)।

বার্সার বিপক্ষে ম্যাচ দিয়েই ঘুরে দাঁড়াতে চান জিদান

সময়টা ভালো যাচ্ছে না রিয়াল মাদ্রিদের। টানা দুই হারের ক্ষত নিয়ে প্রতিপক্ষের মাঠে খেলতে হবে এল ক্লাসিকোয়- তবে এ নিয়ে মোটেও বিচলিত নন কোচ জিনেদিন জিদান। বরং ঘুরে দাঁড়ানোর জন্য বার্সেলোনার বিপক্ষে ম্যাচকেই আদর্শ মনে করছেন তিনি।

ম্যাচের আগের দিন সংবাদ সম্মেলনে ঘুরেফিরে প্রতিপক্ষ বার্সেলোনা ও নিজ দলের সাম্প্রতিক বাজে পারফরম্যান্স নিয়ে আসা বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে হয়েছে জিদানকে। তিনি বলেন, “এটা এমন একটা দল যারা সবসময়ই শক্তিশালী। প্রত্যেক কোচের মতাদর্শ আলাদা হলেও বার্সা সবসময় বার্সাই। সবসময়ের মতই এরা একটা প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ দল যারা জানে কীভাবে ফুটবল খেলতে হয় এবং প্রতিপক্ষের জন্য কাজটা কীভাবে কঠিন করে তুলতে হয়।”

নিজ দলের সাম্প্রতিক বাজে তিনি বলেন, “পরিস্থিতি পাল্টে দেওয়ার এটাই সবচেয়ে ভালো উপায়। নিজেদের প্রমাণ করতে ও আমরা যে পরিস্থিতি পাল্টাতে চাই তা বোঝাতে এটা ভালো একটা ম্যাচ। ভালো একটা ম্যাচ খেলাই আমাদের চাওয়া।”

গুরুত্বপূর্ণ এই ম্যাচ দিয়ে অধিনায়ক সের্হিও রামোসের ফেরার বিষয়টি নিশ্চিত করেছেন জিদান। কাদিসের বিপক্ষে হারা ম্যাচে হাঁটুতে চোট পেয়েছিলেন অভিজ্ঞ এই ডিফেন্ডার। ফলে খেলতে পারেননি শাখতারের বিপক্ষে।

লা লিগায় মৌসুমের প্রথম ক্লাসিকোয় শনিবার বাংলাদেশ সময় রাত ৮টায় কাম্প নউয়ে মুখোমুখি হবে দল দুটি।

ফের হ্যামস্ট্রিংয়ের ইনজুরিতে

মাশরাফি

মাশরাফি বিন মর্তুজার আবারও হ্যামস্ট্রিংয়ের ইনজুরিতে পড়েছেন। সিটি ক্লাব মাঠে অনুশীলন করার সময় ইনজুরির শিকার হন বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক এই অধিনায়ক।

গত তিন দিন আগে রানিং করার সময় চোট পান হ্যামস্ট্রিংয়ে। বিষয়টি নিশ্চিত করেছেন মাশরাফি বিন মর্তুজা নিজেই। তিনি বলেন, রানিংয়ের সময় ব্যথা পাই। আপাতত কয়েকটা দিন বিশ্রামে আছি। স্ক্যান এখনও করিনি। তাই কতটা গুরুতর বলতে পারছি না।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রধান চিকিৎসক ডাঃ দেবাশিষ চৌধুরী জানান, আমার সঙ্গে ওর ফোনে কথা হয়েছে। তিনদিন আগে রানিংয়ের সময় ও হ্যামস্টিংয়ে ব্যথা পেয়েছে। কী কী করতে হবে, প্রাথমিক সেই চিকিৎসার কথা আমরা ফোনে ওকে জানিয়েছি। আর একটা স্ক্যান করিয়ে নিলে ভালো হয়। তাহলে আমরা বুঝতে পারব কতটুকু আঘাত পেয়েছে।

নভেম্বরে টি-টোয়েন্টি কর্পোরেট লিগে খেলার ইচ্ছার কথা বলেছিলেন বাংলাদেশের ক্রিকেট ইতিহাসের সবচেয়ে সফল এই অধিনায়ক। কিন্তু ইনজুরির কারণে অনিশ্চয়তার মধ্যে পড়লো মাশরাফির মাঠে ফেরার দিনক্ষণ।

মশানে বিবাহিত একাদশ ও অবিবাহিত একাদশের মধ্যে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত

কর্মব্যস্ততার কারণে খেলাধুলা আর করা হয় না তাঁদের। তবে খেলার প্রতি ভালোবাসার তো আর কমতি নেই। সেই ভালোবাসার টানেই কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান এলাকায় আয়োজন করা হয় প্রীতি ফুটবল ম্যাচ।

ফুটবল ম্যাচে মশান শাহপাড়ার বিবাহিত বনাম অবিবাহিতরা এই ম্যাচে

অংশ নেন।

মশান মাধ্যমিক বিদ্যালয় মাঠে বুধবার বিকেলে ম্যাচটি অনুষ্ঠিত হয়।

৫০ মিনিটের খেলায় বিবাহিত ফুটবল একাদশ ১-০ গোলে অবিবাহিত ফুটবল একাদশকে পরাজিত করে। উৎসবমুখর পরিবেশে খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অতিথিরা।

খেলা পরিচালনা করেন মহি উদ্দিন মহি, সহকারী পরিচালক ছিলেন তন্ময় খান ও জুয়েল রানা।

স্থানীয় বাসিন্দারা বলেন, খেলার দিন দিনব্যাপী এলাকায় মাইকিং করে ফুটবল ম্যাচ উপভোগের জন্য দর্শকদের আমন্ত্রণ জানানো হয়। মশান গ্রামের মেহেদী হাসান বাবু ও সাংবাদিক এসএম জামাল এই ফুটবল ম্যাচের উদ্যোক্তা ছিলেন।

খেলার মাঠে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন এলাকার ক্রীড়ামোদী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব জুয়েল রানা, সাইফ আল আজাদ মিল্টন, তন্ময় খান, ডা: মাসুদ রানাসহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

বিবাহিত একাদশের খেলোয়াড় মেহেদী হাসান বাবু, মনির হাসান,এসএম জামাল, আকাশ, জুবাইদুল, রফিক, মনিরুল,নাজমুল,সুবেল প্রমুখ।

অবিবাহিত একাদশের খেলোয়াড় আব্দুল মজিদ, বজলু, সম্রাট,সবুজ, সিপ্ত, সজিব, আলামিন, নাসিম,মনোয়ার, রুবেল, বাপ্পি, পলাশ প্রমুখ।

খেলা শেষে উভয় একাদশের মধ্যে একটি প্রীতিভোজের আয়োজন করা হয়।

বিফলে ধাওয়ানের সেঞ্চুরি, দিল্লির বিরুদ্ধে জয় পাঞ্জাবের

টানা পাঁচ ম্যাচ হারের পর জয়ের হ্যাটট্রিক। আরসিবি, মুম্বাই ইন্ডিয়ান্সের পর দিল্লি ক্যাপিটালসকে হারিয়ে প্লে-অফের লড়াইয়ে

টিকে থাকল কিংস ইলেভেন পাঞ্জাব। মঙ্গলবার (২০ অক্টোবর) দুবাইয়ে প্রীতি জিনতার দলের এটাই ক্যাচ লাইন। দুই ক্যারিবিয়ানের ব্যাটে ভর করে ‘দিল্লি জয়’ পাঞ্জাবের।

১৬৫ রান তাড়া করতে নেমে এক ওভার বাকি থাকতেই ৫ উইকেট ম্যাচ জিতে নিল কিংস ইলেভেন। সেই সঙ্গে ১০ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় পাঁচ নম্বরে উঠে এল প্রীতি জিনতার দল। তবে এই ম্যাচ হারলেও অবশ্য ১৪ পয়েন্ট নিয়ে এক নম্বরেই রইল দিল্লি ক্যাপিটালস।

রান তাড়া করতে নেমে শুরুটা ভালো হয়নি পাঞ্জাবের। দলের রান যখন ১৭, তখন ফর্মে থাকা রাহুলকে ডাগ-আউটে ফেরত পাঠিয়ে পাঞ্জাবকে ধাক্কা দেন অক্ষর প্যাটেল। ব্যক্তিগত ১৫ রানে আউট হন রাহুল। ক্যাপ্টেন আউট হলেও ক্রিজে এসেই ঝড়ো ব্যাটিং শুরু করেন ক্রিস গেইল। শুরু থেকেই আক্রমণাত্মক ব্যাটিং করেন গেইল।

ব্যাটে ঝড় তোলার জন্য অনভিজ্ঞ তুষার দেশপাণ্ডেকে বেছে নেন গেইল। দেশপাণ্ডের প্রথম ওভারেই তিনটি চার ও ২টি ছয়সহ ২৬ রান নিয়ে পাঞ্জাবকে ম্যাচে ফেরান গেইল। মাত্র ৫ ওভারে ৫০ রানের গণ্ডি টপকে যায় পাঞ্জাব। কিন্তু তারপরের ওভারে রবিচন্দ্রন অশ্বিনকে ক্রস মারতে গিয়ে বোল্ড হন গেইল। তবে ১৩ বলে তিনটি চার ও ২টি ছক্কাসহ ২৯ রান করে দলের রাস্তা তৈরি করে দেন তিনি। এরপরই নিকোলাস পুরানের সঙ্গে ভুল বোঝাবুঝিতে রানআউট হন মায়াঙ্ক আগরওয়াল। মাত্র ৫৬ রানে তিন উইকেট হারায় পাঞ্জাব।

তার ভুলে মায়াঙ্কের রানআউট হওয়ায় মেনে নিতে পারেননি পুরান। আক্রমণাত্মক ব্যাটিং করে পাঞ্জাবের ইনিংসকে এগিয়ে নিয়ে যান তিনি। ২৮ বলে তিনটি ছয় ও ৬টি চারসহ ৫৩ রান করে কাগিসো রাবাদার শিকার হন পুরান। তখন দলের রান চার উইকেটে ১২৫। অর্থাৎ জয়ের জন্য এখনও দরকার ৪০ রান।

এই অবস্থায় ফের দায়িত্বজ্ঞান শট খেলে আউট হন গ্লেন ম্যাক্সওয়েল। ২৪ বলে ৩২ রান করে আউট হন। এরপর দীপক হুডা ও জিমি নিশামের ব্যাটে জয়ের লক্ষ্যে পৌঁছায় পাঞ্জাব।

তবে ম্যাচ হারলেও আইপিএলে রেকর্ড করে ম্যাচের সেরা হন শিখর ধাওয়ান। এদিনও সেঞ্চুরি করে আইপিএলে প্রথম ক্রিকেটার হিসেবে টানা দু’ম্যাচে শতরান করে ইতিহাস গড়েন দিল্লি ক্যাপিটালসের এই বাঁ- হাতি ওপেনার।

[redacted]

[redacted]

খেলায় কবিরপুরের নিউস্টার স্পোর্টিং ক্লাব কে টাইব্রেকারে ১-০ গোলে পরাজিত করে জয়ী হয়েছে ফাজিলপুরের স্টাইলস ফুটবল দল । খেলা চলছে ৭০ মিনিটের। ফাইনালে পুরষ্কার থাকছে ট্রফি, ফ্রিজ, এলইডি টিভি।